# 2. Discuss the recent trend of Human Geography .

🟠 বর্তমান যুগে মানুষের ভৌগোলিক পরিধির অসীমতা, মানবীয় ভূগোলের সাম্প্রতিক গতিধারায় অনেক পরিবর্তন এনেছে। যেমন-

### (A) নিত্যনতুন গবেষণা:

মানবীয় ভূগোলের আলোচনা কে সম্প্রসারিত করতে বর্তমানে পৃথিবীর বিভিন্ন দেশে নতুন করে মানবিক নানান ক্ষেত্র গুলোকে ছোট ছোট এককে বিভক্ত করে গবেষণার কাজ চলছে।

### (B) উন্নততর মডেলের প্রয়োগ:

বর্তমানে মানবীয় ভূগোল বিশ্লেষণে পেরিফেরি মডেল, রস্টার মডেল, ভারসাম্যহীন বৃদ্ধি মডেল প্রভৃতি আমেরিকা ,জার্মানি, ইউরোপ, চীন সহ বেশ কয়েকটি দেশ সাফল্যের সাথে প্রয়োগ করে চলেছে।

### (C) নতুন বিষয়ের অন্তর্ভুক্তি:

মানবীয় ভূগোল বর্তমানে বেশ কতকগুলি নতুন আলোচ্য বিষয় অন্তর্ভুক্তকরণ করেছে ।এগুলি হল জাতিতত্ত্ব, পরিস্থিতিবাদ, বিরোধী উপনিবেশিকতা, মানব জ্ঞানের সত্যতা যাচাই ও যথার্থতা ব্যাখ্যা প্রভৃতি।

### (D) কম্পিউটার ও সফটওয়্যার এর ব্যবহার:

সাম্প্রতিককালে কম্পিউটারের কতকগুলি বিশেষ সফটওয়্যার ব্যবহার করে প্রযুক্তিগত দিক থেকে মানবীয় ভূগোলের ক্ষেত্রগুলিকে বিশ্লেষণ করার প্রচেষ্টা এখানকার আলোচ্য বিষয়গুলিকে আরো সংখ্যা বাচক ও অধিক বিজ্ঞানসম্মত করে তুলেছে।

## (E) আঞ্চলিক বিশ্লেষণ:

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপের বিভিন্ন দেশের পুনর্গঠন এবং পুনর্বিন্যাসে আঞ্চলিক বিশ্লেষণ গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচিত হয় ।এক্ষেত্রে মানবীয় ভৌগোলিকরা বিভিন্ন অঞ্চলের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা বিচার বিশ্লেষণ করে। ওই অঞ্চলের আঞ্চলিক বিশ্লেষণ করেন। এক্ষেত্রে বিভিন্ন দেশের জনসংখ্যার অবস্থানকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয় মানবীয় ভূগোলে। রিসেন্ট ট্রেন্ড এর মধ্যে আঞ্চলিক বিশ্লেষণ বা রিজিয়নাল অ্যানালিসিস অন্যতম।

## (F) মানবিক সত্তার আরোপ:

বর্তমানে বিভিন্ন ভৌগোলিক ঘটনায় মানবীয় সত্তা বা নানা মানবিক গুণ আরোপ করে মানবীয় ভূগোলের বিষয়গুলিকে আরো সহজতর করে তোলা হচ্ছে।

## (G) সমস্যার সমাধান :

বর্তমানে মানবতাবাদী দৃষ্টিভঙ্গি, প্রত্যক্ষবাদী দৃষ্টিভঙ্গি এবং বাস্তবতার দৃষ্টিভঙ্গি দিয়ে নিত্যনতুন মানবীয় ক্ষেত্রগুলি কে সমীক্ষা করা হচ্ছে।

## 1. Give an account about the scope of human geography.

মানবীয় ভূগোলের আলোচনার পরিধি মানুষ এবং পরিবেশের আন্তঃক্রিয়াকে কেন্দ্র করে গড়ে উঠলেও উপাদানগত দিক থেকে মানবীয় ভূগোলের পরিধি গুলি হল -

### (A) মানুষ ও পরিবেশের সাম্বন্ধিক আলোচনা :

মানুষ ও পরিবেশের সম্পর্ক ও ক্রিয়াগত বিষয়ের প্রত্যক্ষ বা পরোক্ষ আলোচনাই হলো মানবীয় ভূগোলের মূল লক্ষ্য।

### (B) দৈশিক বিশ্লেষণ:

মানবীয় ভূগোলের আলোচনায় পরিধি হল দেশ ও দৈসিক বিশ্লেষণ। অর্থাৎ দৈশিক বন্টন তথা আঞ্চলিক পৃথকীকরণ এর মাধ্যমে মানবীয় ভূগোল মানবীয় বিষয়ের পর্যালোচনা করে।

### (C) নৃতাত্বিক আলোচনা:

মানবীয় ভূগোলের অন্যতম সীমাবদ্ধতা হল মনুষ্যকেন্দ্রিক আলোচনা। অর্থাৎ মানুষের সমাজ , সমাজ ও পরিবেশের পারস্পরিক সম্পর্ক ,সামাজিক বিষয়ের ক্রিয়াশীলতা ও পরিবর্তনশীলতা প্রভৃতি হল মানবীয় ভূগোলের মূল আলোচ্য উপাদান।

### (D) আঞ্চলিক পৃথকীকরণ:

মানবীয় ভূগোলের আলোচনা পৃথিবীব্যাপী অঞ্চলভেদে করা হয়েছে । কোরোলজি থেকে উদ্ভূত হওয়া আঞ্চলিক পৃথকীকরণের মাধ্যমে মানবীয় ভূগোল আঞ্চলিক পর্যালোচনা করে থাকে।

## (E) প্রাকৃতিক ও সাংস্কৃতিক পরিবেশের মেলবন্ধন:

মানবীয় ভূগোলের অন্তর্গত মানুষ- পরিবেশ সম্পর্ককে প্রাকৃতিক এবং সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গীর সাপেক্ষে পর্যালোচনা করা হয়। এই দুই এর ক্রিয়া ও প্রতিক্রিয়া মানবীয় ভূগোলের অন্যতম আলোচ্য বিষয়।

## (F) পার্থিব আলোচনা :

মানবীয় ভূগোলে পৃথিবীপৃষ্ঠে বসবাসকারী মানুষ , মানুষের সমাজ, পরিবেশ ও ইহাদের আন্তঃসম্পর্কের ব্যাখ্যা ও পর্যালোচনা করা হয়।

## (G) প্রণালিবদ্ধ বিশ্লেষণ :

মানবীয় ভূগোলের পর্যালোচনা প্রণালীবদ্ধ ভাবে করা হয়ে থাকে। এক্ষেত্রে অন্তর্ভুক্ত বিভিন্ন ক্রিয়া ও প্রতিক্রিয়াকে প্রণালী বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা করা হয়।

# 3. Mention the elements of Human Geography.

🟣 মানবীয় ভূগোল বৃহৎ অর্থে ভূগোলের অন্যতম প্রধান শাখা। প্রাকৃতিক পরিবেশের সম্পর্ক মূলক আলোচনা ছাড়া মানবীয় বিষয়ের সমস্ত প্রকার আলোচনা মানবীয় ভূগোল করে থাকে। তাই মানবীয় ভূগোলের উপাদান গুলি একে অপরের সঙ্গে আন্তঃ সম্পর্কযুক্ত। মানবীয় ভূগোলের উল্লেখযোগ্য উপাদান গুলি হল -

**(A) সংস্কৃতি:**

পৃথিবীব্যাপী বিভিন্ন সমাজ ও মানুষের সংস্কৃতিগত বৈশিষ্ট্য মানবীয় ভূগোলের অন্যতম উপাদান।

**(B) জনসংখ্যা:**

স্থান ও সময় ভেদে জনসংখ্যা গঠন, বিবর্তন , জননিতিক বিষয়ের অধ্যয়ন প্রকৃতি মানবীয় ভূগোলের উল্লেখযোগ্য উপাদান।

**(C) সমাজ:**

সমাজের উদ্ভব , বন্টন , বৈচিত্রময়তা প্রভৃতি মানবীয় ভূগোলের আলোচ্য উপাদান।

**(D) জনবসতি:**

দৈনিক বন্টন অনুযায়ী জনবসতির উদ্ভব, পৃথকীকরণ ,বিবর্তন প্রভৃতি মানবীয় ভূগোলের অন্যতম উপাদান।

**(E) অর্থনীতি:**

মানবীয় ভূগোলের অন্যতম উপাদান হলো economy। যা স্থান ও সময়ের সাপেক্ষে পরিবর্তনশীল।

**(F) ইতিহাস:**

মানুষের সমাজ, ক্রিয়া-কলাপ পরিবেশের সাথে আন্তঃক্রিয়া প্রভৃতির ঐতিহাসিক প্রেক্ষাপট বিশ্লেষণ হলো মানবীয় ভূগোলের গুরুত্বপূর্ণ উপাদান।

### (G) রাজনীতি:

স্থান ও সম্পদ গত কিংবা বন্টন গত বিভিন্ন দৈসিক এককের পারস্পরিক রাজনৈতিক সম্পর্ক মানবীয় ভূগোলের একপ্রকার গঠনগত উপাদান।

### (H) স্বাস্থ্য:

সমাজের অন্যতম উপাদান হলো মানুষের স্বাস্থ্য পরিষেবা ও কল্যাণকর দৃষ্টিভঙ্গি প্রভৃতি ।এগুলি মানবীয় ভূগোলের আলোচ্য বিষয় ।এছাড়াও কিছু উল্লেখযোগ্য উপাদান মানবীয় ভূগোলে প্রকৃতির সাথে ওতপ্রোতভাবে জড়িত। সেগুলি হল -

### (I) উন্নয়ন , (J) নগরায়ন, (K) পরিবহন প্রণালী, (L) ভাষা, (M) ব্যবসা ও বাণিজ্য ।

## ◆ মানবীয় ভূগোলের উপাদান গুলির পারস্পরিক সম্পর্ক :

মানবীয় ভূগোলের উপাদানগুলি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একে অপরের সঙ্গে সম্পর্কযুক্ত কিংবা পারস্পরিক নির্ভরশীল। উপাদানগত পারস্পরিক ক্রিয়া প্রতিক্রিয়া মূলক সম্পর্কটি নিম্নরূপ -

| মানবীয় ভূগোলের উপাদান (Elements of Human Geography) | মানবীয় ভূগোলের শাখাসমূহ (Subfields of Human Geography) |
|---|---|
| সংস্কৃতি | সাংস্কৃতিক ভূগোল |
| জনসংখ্যা | জনসংখ্যা ভূগোল |
| সমাজ | সমাজ ভূগোল |
| জনবসতি | জনবসতি ভূগোল |
| অর্থনীতি | অর্থনীতি ভূগোল |
| ইতিহাস | ঐতিহাসিক ভূগোল |
| রাজনীতি | রাজনৈতিক ভূগোল |
| স্বাস্থ্য | চিকিৎসা ভূগোল |
| উন্নয়ন | উন্নয়ন ভূগোল |
| নগরায়ন | নগর ভূগোল |
| ভাষা | ভাষাগত ভূগোল |